দৈনিক সংবাদ

MAR. 18 2[redacted]

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা 7 কলাম 6

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
## রাজশাহী

# ২০০১ সালের চলতি এসএসসি পরীক্ষায় নকল প্রতিরোধে সক্রিয় ভূমিকা পালনের জন্য কেন্দ্র সচিব ও শিক্ষক-পরিদর্শকগণের প্রতি আবেদন

গত ১৫ই মার্চ ২০০১ থেকে সমগ্র দেশব্যাপী মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা শুরু হয়েছে পাবলিক পরীক্ষায় নকল ও দুর্নীতি প্রতিরোধ এবং সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের স্বার্থে জাতীয় সংসদের শিক্ষ সম্পর্কিত স্থায়ী কমিটি, শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ডের পক্ষ থেকে বহুমুখী সিদ্ধান্ত ও ব্যবস্থা গ্রহণ কর হয়েছে। সরকারি পর্যায়ে এরূপ জনকল্যাণমূলক ও কার্যকর সিদ্ধান্তের ফলে মাধ্যমিক পরীক্ষার সার্বিব পরিস্থিতির লক্ষণীয় উন্নতি হয়েছে মর্মে প্রতীয়মান হয়। সরকার ও শিক্ষা বোর্ডের পক্ষ থেবে নকলবিরোধী প্রচারণার ফলে পরীক্ষার্থী ও অভিভাবকসহ সমাজের সকল স্তরের মানুষের মধ্যে পরীক্ষায় নকলবিরোধী মনোভাব সৃষ্টি হয়েছে।

রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন ১৬টি জেলায় মোট ২১২টি পরীক্ষা কেন্দ্রে প্রায় সর্বত্রই শান্তিপূর্ণভাবে প্রথম দিনের পরীক্ষা শেষ হয়েছে। কিন্তু ভিজিল্যান্স টিমসমূহের প্রতিবেদন এবং বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করে দেখা যায়, পরীক্ষা কক্ষে কর্তব্যরত সম্মানিত পরিদর্শকগণ নকল প্রতিরোধে অনমনীয় ও দৃঢ় ভূমিকা পালন করতে ব্যর্থ হচ্ছেন। এজন্য নকল প্রতিরোধে গৃহীত ব্যবস্থার সার্বিক সাফল্য পাওয়া যাচ্ছে না। শিক্ষক ও পরিদর্শকবৃন্দের অবগতির জন্য সবিনয়ে জানাতে চাই যে, সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণের জন্য তারা যে শক্তিশালী ভূমিকা পালন করবেন সে ক্ষেত্রে প্রশাসন ও শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ যেকোন পরিস্থিতিতে তাদেরকে প্রয়োজনীয় সমর্থন ও সহযোগিতা দানে অঙ্গীকারবদ্ধ। কাজেই শিক্ষা তথা জাতির বৃহত্তর স্বার্থে নির্ভয়ে এবং দ্বিধা-দ্বন্দ্ব ও উদাসিনতা পরিত্যাগ করে পরীক্ষা কক্ষে নকল প্রতিরোধে দৃঢ় ও মুখ্য ভূমিকা পালনের জন্য সম্মানিত কেন্দ্রসচিব, কক্ষ পরিদর্শক ও শিক্ষকমণ্ডলীর প্রতি সনির্বন্ধ অনুরোধ জানাই।